

■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - পাণ্ডুলিপি, প্রামাণ্যতা ও অভ্রান্ততা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২. ৮. ৫. ক্লারমন্টানের পাণ্ডুলিপি (Codex Claromontanus)

পঞ্চম একটা পাণ্ডুলিপি খ্রিষ্টান গবেষকরা মে খ্রিষ্টীয় শতকের বলে মনে করেন। পাণ্ডুলিপিটা ক্লারমন্টানের পাণ্ডুলিপি নামে প্রসিদ্ধ। এ পাণ্ডুলিপির মধ্যে প্রচলিত পুস্তকগুলোর বাইরে চারটা অতিরিক্ত পুস্তক বিদ্যমান (১) বার্নাবাসের পত্র (Epistle of Barnabas), (২) হারমাসের রাখাল (The Shepherd of Hermas), (৩) পলের কার্যবিবরণী (Acts of Paul) এবং (৪) পিতরের নিকট প্রকাশিত বাক্য (Revelation of Peter)। এর বিপরীতে এ পাণ্ডুলিপির মধ্যে বিদ্যমান তালিকায় প্রচলিত বাইবেলের চারটা পুস্তক বাদ দেওয়া হয়েছে: (১) ফিলিপীয় (Philippians), (২) ১ থিষলনীকীয় (1 Thessalonians), (৩) ২ থিষলনীকীয় (2 Thessalonians), (৪) ইব্রীয় (Hebrews)[1]।

ফুটনোট

[1] উইকিপিডিয়া: Codex Claromontanus

Source — https://www.hadithbd.com/books/link/?id=13883

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন